

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা
ই-হজ ব্যবস্থাপনা

অতীব জরুরী
হজ সর্বোচ্চ অধাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.৭১৭

তারিখঃ ২৭.০৬.২০১৮খ্রিঃ

বিষয়ঃ বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের পাসপোর্টে সৌদি আরবের আবাসন ঠিকানা সম্বলিত স্টীকার সংযুক্ত করে পাসপোর্ট ভিসার জন্য হজ অফিস, ঢাকায় জমাদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৩৪৮ হিজরি/২০১৮ খ্রি. সনের হজ মৌসুমে সৌদি কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক হজ সিস্টেম হতে হজযাত্রীদের আবাসন সংক্রান্ত তথ্য পাসপোর্টে সংযুক্ত করে ভিসার জন্য পাসপোর্ট হজ অফিস, ঢাকায় জমা দেয়ার জন্য এ মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছিল। উল্লেখ্য যে, গত ২৬.০৬.২০১৮ খ্রি. তারিখ সৌদি আরবের হজ ও ওমরাহ মন্ত্রণালয়, মোয়াছাছা অফিসের প্রতিনিধি, পরিচালক, হজ অফিস, ঢাকা এবং হাব এর প্রতিনিধির সমন্বয়ে ১৪৩৯ হিজরি/২০১৮ খ্রি. সনের হজ মৌসুমের সার্বিক বিষয়ে ভিডিও কনফারেন্সে হজযাত্রীদের পাসপোর্টে মক্কা ও মদিনার আবাসন ঠিকানা (বাড়ি/হোটেল) মোয়ায়েম নম্বর সম্বলিত স্টীকারের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়।

০২। এমতাবস্থায়, ১৩৪৮ হিজরি/২০১৮ খ্রি. সনের হজ মৌসুমে সৌদি কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অবশ্যই হজ সিস্টেম হতে হজযাত্রীদের আবাসন সংক্রান্ত তথ্য স্টীকারে প্রিন্ট করে পাসপোর্টে সংযুক্ত করে ভিসার জন্য পাসপোর্ট হজ অফিস, ঢাকায় জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৫২০০।
morahajsection@gmail.com

বিতরণ:


- ১। পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
- ২। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সি এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক/সহকারী..... (৫২৮টি হজ এজেন্সি)।

নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭.৭১৭

তারিখঃ ২৭.০৬.২০১৮খ্রিঃ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, মক্কা-আল-মোকাবেস, সৌদি আরব।
৩. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৬. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর/হজক্যাম্প, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., কাওরান বাজার, ঢাকা (পত্রটি হজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি/মাস্টার ফাইল।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ)